দৈনিক ইনকিলাব

DEC. 1 2000

তারিখ ... পৃষ্ঠা ৬ কলাম ২

50

# ঢাঃবিঃ'র 'ক' ইউনিটের পরীক্ষার গোটা ফলাফল পুনঃ নিরীক্ষণের দাবী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০০-২০০১ সেশনের বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মেসী অনুষদভুক্ত 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষায় মনোনীত প্রার্থী অনেকেই গোটা ফলাফল পুনঃ নিরীক্ষণের দাবী জানিয়েছে।

জানা যায়, গত ১০ নভেম্বর 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষার মাত্র ৪ দিন পর কর্তৃপক্ষ ফলাফল প্রকাশ করে। কিন্তু ভর্তি পরীক্ষার উত্তরপত্রে অনেক প্রার্থীই ৪টি বিষয়ের পরিবর্তে ৫টি বিষয়ে উত্তর প্রদান করলে ফলাফলে জটিলতা দেখা দেয়। এ বিষয়টি কম্পিউটার এক্সপার্টরাও অজ্ঞতাবশত ধরতে পারেননি। এমনকি ঐ সকল পরীক্ষার্থীর খাতা বাতিল করার কথা থাকলেও রহস্যজনক কারণে তা' করা হয়নি। ফলাফলে ব্যাপক রদবদল করে টানিয়ে দেয়া হলেও অনেক ছাত্রছাত্রীই দেখতে পায় সংশোধিত তালিকায় তাদের সিরিয়াল পূর্বের তুলনায় অনেক পিছিয়ে গেছে। ছাত্রছাত্রীরা অভিযোগ করেছে, ফলাফল নতুনভাবে সংশোধন করা হলেও তা সঠিকভাবে হয়নি।